

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
জেলা সমবায় কার্যালয়, নওগাঁ
www.cooperative.naogaon.gov.bd

নম্বর: ৪৭.৬১.৬৪০০.০০০.৪২.০০৫.২০.১২২

তারিখ: ১৮ ফাল্গুন ১৪২৮

০৩ মার্চ ২০২২

অফিস আদেশ

যেহেতু নুরুল্যাবাদ বহুমুখী সমবায় সমিতি লিঃ, নিবন্ধন নং- 205, তারিখ: 01/12/09, গ্রাম-নুরুল্যাবাদ, ডাক-জোতবাজার, উপজেলা: মান্দা, জেলা: নওগাঁ, আইডি নম্বর: 403060133 এর ২০১৯-২০২০ সালের অডিট প্রতিবেদনের পরিপ্রেক্ষিতে ধার্যকৃত অডিট ফি ও সমবায় উন্নয়ন তহবিলের অর্থ পরিশোধ করেন নাই। সংশ্লিষ্ট উপজেলা সমবায় অফিসার, মান্দা, নওগাঁ কর্তৃক নির্ধারিত ফি পরিশোধের নিমিত্তে বারংবার তাগাদা পত্র প্রেরণ করেছেন। তদসত্ত্বেও সমিতি কর্তৃক নির্ধারিত ফি পরিশোধ করা হয় নাই। সমিতির অডিট ফি ও সমবায় উন্নয়ন তহবিলের ধার্যকৃত অর্থ পরিশোধ না করার কারণে অত্রাফিসের ২৭ জানুয়ারী, ২০২২খ্রি. তারিখের ৪৭.৬১.৬৪০০.০০০.৪২.০০৫.২০.৫৪ নম্বর স্মারকে পত্র প্রদান করা হলেও সমিতি কর্তৃক নির্দিষ্ট সময়সীমার মধ্যে সরকারী ফি পরিশোধ করেন নাই। সমিতিটি এক বছরের অধিক সময় অকার্যকর রয়েছে এবং সভাপতি / সম্পাদকের সাথে যোগাযোগ করে তাদের সাড়া পাওয়া যায় নাই

সেহেতু নিবন্ধনের শর্ত ভঙ্গ ও সমিতিটি অকার্যকর থাকার কারণে সমবায় সমিতি আইন/২০০১ (সংশোধিত ২০০২ ও ২০১৩) এর ৫৩ ধারার শর্তাংশ মোতাবেক নুরুল্যাবাদ বহুমুখী সমবায় সমিতি লিঃ, নিবন্ধন নং- 205, তারিখ: 01/12/09, গ্রাম-নুরুল্যাবাদ, ডাক-জোতবাজার, উপজেলা: মান্দা, জেলা: নওগাঁ, আইডি নম্বর: 403060133 এর নিবন্ধন এতদ্বারা বাতিল করা হলো।

৩-৩-২০২২

মোঃ ইমরান হোসেন

জেলা সমবায় কর্মকর্তা

ফোন: ০৭৪১-৬২৫০৬

ফ্যাক্স: ০২৫৮৮৮৮১১০৬

ইমেইল:

dco_naogaon@yahoo.com

নম্বর: ৪৭.৬১.৬৪০০.০০০.৪২.০০৫.২০.১২২/১(৪)

তারিখ: ১৮ ফাল্গুন ১৪২৮
০৩ মার্চ ২০২২

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

- ১) সভাপতি/সম্পাদক, নুরুল্যাবাদ বহুমুখী সমবায় সমিতি লিঃ, নিবন্ধন নং- 205, তারিখ: 01/12/09, গ্রাম- নুরুল্যাবাদ, ডাক-জোতবাজার, উপজেলা: মান্দা, জেলা: নওগাঁ, আইডি নম্বর: 403060133
- ২) উপজেলা সমবায় অফিসার, উপজেলা সমবায় অফিস, মান্দা, নওগাঁ
- ৩) উপজেলা নির্বাহী কর্মকর্তা, মান্দা, নওগাঁ। সমিতির নামে সরকারী কোন অনুদান না দিতে এবং সমিতির নামে সরকারী কোন সম্পত্তি ইজারা দেয়া থাকলে তা বাতিল করতে অনুরোধ করা হলো।
- ৪) বিভাগীয় যুগ্ম-নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, রাজশাহী



৩-৩-২০২২

মোঃ ইমরান হোসেন
জেলা সমবায় কর্মকর্তা